শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি


দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।
www.pbs.brahmanbaria.gov.bd
ফোন: ০৮৫১-৫৭৫০০
ই-মেইল: bbariapbs@yahoo.com


ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২২. ৯৮৭৫

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত পদসমূহে শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সিনিয়র জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১। | পদের নামঃ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | কুমিল্লা, গাজীপুর, হবিগঞ্জ, জামালপুর, কিশোরগঞ্জ, লালমনিরহাট, মাগুরা, মানিকগঞ্জ, ময়মনসিংহ, নরসিংদী, নাটোর, নীলফামারী এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
| | বেতন স্কেলঃ | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | |
| | পদের সংখ্যাঃ | ০৫ টি (কম বেশি হতে পারে) | |
| | প্রার্থীর যোগ্যতাঃ | ক) এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ২.৫০ থাকতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজী ব্যাকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বানান, উচ্চারণ, বাক্য গঠন, শব্দ তৈরী, সম্বন্ধে সঠিক ধারণা থাকতে হবে।<br>ঘ) পরিচ্ছন্ন ও গোছানো কাজে সক্ষমতা থাকতে হবে।<br>ঙ) ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সমন্ধে যথাযথ জ্ঞান থাকা বাঞ্ছনীয়।<br>চ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ০২। | পদের নামঃ | ড্রাইভার | |
| | বেতন স্কেলঃ | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | |
| | পদের সংখ্যাঃ | ০২ টি (কম বেশি হতে পারে) | |
| | প্রার্থীর যোগ্যতাঃ | ক) সাবলীলভাবে বাংলা পড়া ও লেখার এবং ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান থাকতে হবে। সময়, রিপোর্ট ও সিডিউল সম্পর্কে যথেষ্ঠ জ্ঞান থাকতে হবে।<br>খ) প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স (হালকা যান) থাকতে হবে।<br>গ) যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ বছর অভিজ্ঞতা গণনা করা হবে।<br>ঘ) প্রার্থীর সন্তোষজনক ড্রাইভিং রেকর্ড থাকা আবশ্যক। এক্ষেত্রে বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কোন দুর্ঘটনায় পতিত হয়ে কেহ আহত হয় নাই মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।<br>ঙ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>চ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় নিয়োগ কমিটির প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে।<br>ছ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>জ) আবেদনের শেষ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বছর হতে হবে। | |
| ০৩। | পদের নামঃ | কুক (বাবুর্চি) | |
| | বেতন স্কেলঃ | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | |
| | পদের সংখ্যাঃ | ০১ টি | |
| | প্রার্থীর যোগ্যতাঃ | ক) এস এস সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সৎ, বিশ্বস্ত ও মার্জিত ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>গ) রান্নার কাজে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>ঙ) সব ধরনের দেশীয় ও পশ্চিমা খাবার রান্না করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.pbs.brahmanbaria.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্ষণ-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ২৬/০৪/২০২২ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে **"সিনিয়র জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। হাতে হাতে, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ২৬/০৪/২০২২ খ্রিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের মূলকপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে প্রতি পদের বিপরীতে ১০০/- (একশত) টাকার ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাপবিবো/পবিস কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক/ মনোনীত পরিচালক/ কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তার/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর প্রার্থিত পদের নাম ও নিজ জেলা সু-স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

০৬/৪/২২

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা [বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। ডিজিএম (সদর-কারিগরী/কসবা/ কসবা সদর/ নাসিরনগর/নবীনগর/আখাউড়া) জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৭। এজিএম (অর্থ-রাজস্ব/ অর্থ-হিসাব/ওএন্ডএম/ ইএন্ডসি/ প্রশাসন/ এমএস/.....................সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস। [এজিএম (আইটি-১/২) পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]
০৯। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট কপি।

০৬/৪/২২

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ....................................... পদে
লোক নিয়োগ ও প্যানেল তৈরীর আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেনীর কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

১৮৯৫; তারিখ: ০৬/০৪/২০২২ খ্রিঃ

..............................
০১। নিয়োগ বিজ্ঞপ্তি নং

..................................
০২। আবেদনকৃত পদের নাম

.........................
০৩। পদের ধরণ

............................................
০৪। বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

.............................
০৫। প্রকাশনার তারিখ

...........................................
০৬। আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

................................
(বড় হাতের অক্ষর ইংরেজীতে)

... ..................................................
০৭। জন্ম তারিখ (এস, এস, সি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.............................
০৮। পিতার নাম

........................................
০৯। বয়স (....................ইং তারিখে)

..........................
১০। মাতার নাম

...................
১১। ধর্ম

.....................
১২। জাতীয়তা

......................
১৩। নিজ জেলা

১৪। টেলিফোন/মোবাইল নম্বরঃ

১৫। বৈবাহিক অবস্থা- বিবাহিত/অবিবাহিত।

১৬। কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর টিক (√) চিহ্ন দিন)-

| মহিলা | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা | |
|---|---|---|---|
| এতিম ও শারিরীক প্রতিবন্ধী | উপজাতি | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | অন্যান্য |

১৭। স্থায়ী ঠিকানাঃ

........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

.......................
খ. ডাকঘরঃ

.....................
গ. উপজেলা/থানা

.....................
ঘ. জেলাঃ

১৮। যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক।

........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

.......................
খ. ডাকঘরঃ

.....................
গ. উপজেলা/থানা

.....................
ঘ. জেলাঃ

.....................................................
১৯। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পোষ্টাল অর্ডার নং

................................
২০। পোষ্টাল অর্ডারের মূল্য

.........................
২১। ইস্যুর তারিখ

২২। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)।

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রি অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |

২৩। প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধু মাত্র প্রযোজ্য ক্ষেত্রে)

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৪। প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গিকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্ব হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয় তাহলে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হলে এবং আমার বিরুদ্ধে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

..................                                        ..........................................

তারিখ                                        আবেদনকারীর স্বাক্ষর

# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেনীর কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা

## প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বরঃ............................................

পরীক্ষার তারিখঃ............................................

পরীক্ষার সময়ঃ...............................................

পরীক্ষার কেন্দ্রের নামঃ......................................

পরীক্ষার ঠিকানাঃ............................................

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

পদের নাম.....................................................

প্রার্থীর নাম....................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক.......................

...............................................................

................................................................

................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারন নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেওয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেওয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর ব্রাহ্মণবাড়িয়া পবিস কর্তৃপক্ষের নিকট জমা দিবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

.....................................................................